Govt. & UGC Approved
UITS *Future will be better than thy past*
UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY & SCIENCES
ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস
An initiative of PHP Family

তারিখঃ ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

# তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন

বাংলাদেশের অন্যতম শিল্প পরিবার "পিএইচপি" ও স্বনামধন্য প্রাইভেট বিশ্ববিদ্যালয় "ইউআইটিএস"-এর মাননীয় প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বিশিষ্ট শিল্পপতি দানবীর আধ্যাত্মিক ব্যক্তিত্ব জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে একজন মোটিভেশনাল স্পিকার হিসেবে খ্যাত আলহাজ্ব সুফী মুহাম্মদ মিজানুর রহমান-এর নামে কল্পিত ও ভিত্তিহীন অভিযোগ উত্থাপনপূর্বক অতি সম্প্রতি একটি হত্যা চেষ্টা মামলায় অন্যান্য প্রায় দুইশতাধিক বিবাদীর সাথে বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করে জনৈক বাদী ঢাকার বিজ্ঞ মহানগর হাকিমের আদালতে একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন মর্মে "ইউআইটিএস পরিবার" অবহিত হয়। উক্ত সংবাদে "ইউআইটিএস পরিবার" অত্যন্ত মর্মাহত ও উদ্বিগ্ন এবং এ জাতীয় অসত্য-মানহানিমূলক-যোগসাজসি-ষড়যন্ত্রমূলক মামলার বিরুদ্ধে "ইউআইটিএস পরিবার" তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন করছে। দেশের সর্বজনবিদিত একজন শিল্পপতি ও মানব হিতৈষী ব্যক্তিকে এ জাতীয় মামলায় অন্তর্ভুক্ত করে সংবাদ পরিবেশন ও প্রোপাগান্ডা ছড়ানো থেকে বিরত থাকা এবং অনতিবিলম্বে তাঁর বিরুদ্ধে কল্পিত ও মিথ্যা অভিযোগে দায়েরকৃত উক্ত মামলা প্রত্যাহারের ক্ষেত্রে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি "ইউআইটিএস পরিবার" জোর দাবি জানাচ্ছে। সর্বোপরি "ইউআইটিএস পরিবার" উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট ন্যায় বিচার প্রত্যাশা করে।

মোহাম্মদ কামরুল হাসান
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস।

**Permanent Campus:** Holding 153 (Old 190), Near Baridhara Diplomatic Zone, South Nayanagar, Vatara, Dhaka-1212.
Phone: +8809678-008487, Mobile: +8801713-487709, +8801939-915209, +8801914-240649, +8801844-043870
Web : www.uits.ac.bd
E-mail : info@uits.edu.bd